R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

এভারেষ্ট
এ্যাসবেসটস শীট
বৈশিষ্ট্যতায় ভরা, কয়েক দশক ধরে সকলের প্রিয়।
মহকুমার একমাত্র পরিবেশক—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৩শ বর্ষ
৩৫শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১২ই মাঘ, বুধবার, ১৩৮৩ সাল।
২৬শে জানুয়ারী, ১৯৭৭ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা;
বার্ষিক ৬৲, সডাক ৭৲

## প্রার্থী মনোনয়ন নিয়ে শিবিরে শিবিরে তৎপরতা
## মহঃ সোহরাবের সমর্থনে স্বাক্ষর সংগ্রহ সমাপ্ত

বিশেষ প্রতিনিধি : মাত্র সাতদিন আগে প্রধানমন্ত্রী কর্তৃক লোকসভার নির্ব্বাচনের ঘোষণার পর এই ক'দিনে প্রার্থী মনোনয়ন নিয়ে জঙ্গিপুর লোকসভা কেন্দ্রের শিবিরে শিবিরে তৎপরতা শুরু হয়ে গিয়েছে। এ ব্যাপারে কংগ্রেসের দুই শিবিরের তৎপরতা বিশেষভাবে লক্ষণীয়। এতদিন যাঁরা প্রাক্তন সংসদ সদস্য লুৎফল হককে সমর্থন করতেন, তাঁরা আসন্ন লোকসভার নির্ব্বাচনে সমর্থন করছেন মহঃ সোহরাবকে। রাজনৈতিক একাধিক কারণে লুৎফল হক এখন তাঁর সমর্থকদের সমর্থন হারিয়েছেন। তাই বলে যে তিনি হাত গুটিয়ে চুপচাপ বসে আছেন এমন নয়। এককভাবে তিনি চেষ্টা করে চলেছেন কংগ্রেসের মনোনয়ন লাভের। ইতিমধ্যেই তিনি নাকি দরবার করেছেন জেলার মন্ত্রী এবং জেলা কংগ্রেস নেতাদের কাছে। ১৯৭১ সালের নির্ব্বাচনে তিনি জঙ্গিপুর লোকসভা কেন্দ্রে জয়ী হয়েছিলেন তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী আর এস পির বরুণ রায়কে হারিয়ে। বরুণ রায় পেয়েছিলেন ৫৪,৮১৪ ভোট, লুৎফল হক পেয়েছিলেন ১,০৪,১৭০ ভোট। ওই নির্ব্বাচনে আর দু'জন প্রার্থীর জামানত জব্দ হয়েছিল।

এদিকে কংগ্রেসের শক্তিশালী শিবির লোকসভার প্রার্থীরূপে মহঃ সোহরাবের সমর্থনে সই সংগ্রহের কাজ ইতিমধ্যেই শেষ করে ফেলেছেন। তাঁরা সকলেই চাইছেন ১৯৭৭-এর নির্ব্বাচনে জঙ্গিপুর লোকসভা কেন্দ্রের উপযুক্ত কংগ্রেস

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## মনিগ্রামে বন বিভাগের কর্ম্মমুখী একটি কর্ম্মপ্রকল্প আটকে আছে

সাগরদীঘি, ২৫ জানুয়ারী—এই ব্লকের মনিগ্রামে প্রায় এক লাখ টাকার কর্মমুখী একটি কর্মপ্রকল্প লাল ফিতের ফাঁসে পড়ে আটকে আছে দীর্ঘ দিন ধরে। গত শুক্রবার এ খবর জানিয়ে বিডিও ভুজঙ্গভূষণ সাহা বলেন, মনিগ্রাম বনভূমিকে সংরক্ষণের উদ্দেশ্যে বনভূমির চারিদিকে ক্যানাল ট্রেঞ্চ অর্থাৎ নালা কেটে খেজুর এবং তালগাছ লাগানর জন্য আর পি পি স্কীমে প্রায় এক লাখ টাকা মঞ্জুর করা হয়। এবং রাজ্য সরকার সেই আর্থিক বরাদ্দ পাঠিয়ে দেন বন বিভাগে। কিন্তু বন বিভাগ টাকা পেয়েও এই কাজে এখন পর্যন্ত হাত দেননি। অথচ কাজটি শুরু হলে ২১ হাজার শ্রমদিবস সৃষ্টি হবে, বহু লোক কাজ পাবে এবং কাজটি সম্পূর্ণ হলে বনভূমি সংরক্ষণের উদ্দেশ্য সিদ্ধ হবে—অর্থাৎ অযথা গরু-ছাগল ঢুকে বনভূমির ক্ষতি করতে পারবে না।

## ডাকাতের গুলিতে গ্রামবাসী নিহত

অরঙ্গাবাদ, ২৪ জানুয়ারী—গতকাল রাত্রে সুতী থানার শ্রীধর গ্রামে ক্ষিরোদ দত্তের বাড়ীতে ভয়াবহ এক ডাকাতির ঘটনায় প্রায় ২০ হাজার টাকা লুণ্ঠিত হয়েছে এবং ডাকাতদের গুলিতে একজন গ্রামবাসী নিহত হয়েছেন বলে পুলিশী সূত্রে খবর পাওয়া গিয়েছে। ঘটনার বিবরণে প্রকাশ, গতকাল সকাল সাড়ে আটটা নাগাদ গৃহকর্তা ক্ষিরোদ দত্ত মারা যান। আত্মীয়-স্বজনরা তাঁর শব দাহ করার জন্য রঘুনাথগঞ্জ শ্মশানে আসেন। বাড়ীতে ছিলেন মেয়েরা এবং পরলোকগত ক্ষিরোদবাবুর দুই পুত্র। রঘুনাথগঞ্জে যখন সকলে শবদাহে ব্যস্ত, গ্রামের বাড়ীতে তখন হানা দেয় প্রায় ৩০ জনের একদল সশস্ত্র ডাকাত।

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## বন্দুক কী নঙ্গী কহানী

নয়নসুখ (ফরাক্কা) : চিন্তার খোরাক যোগায় এক বাস্তব দৃশ্য। গুলিভরতি একনলা বন্দুক হাতে এক যুবক, সঙ্গে আরো ১২/১৪ জনসহ তস্য পিতা ও ভাই লাঠি হাতে একজন প্রতিবেশী এবং তার ভাইকে হত্যা করার উদ্দেশ্যে উন্মাদ কলরবে গ্রামে এবং পথে (৩৪নং সড়ক) আস্ফালন পরিক্রমারত। এ নাটক সভয়ে দেখেছে গ্রামবাসী গত ৬ জানুয়ারী প্রকাশ্য দিবালোকে ফরাক্কা থানার ইমামনগর গ্রামে। যতদূর জানা গেছে, ঘটনাটির নাকি অদ্যাবধি কোন তদন্ত হয়নি।

গত ৬ জানুয়ারী ফরাক্কা ব্লকের ফার্মে কোন এক ঘটনাকে কেন্দ্র করে

(৪র্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## নেতাজী মর্ম্মর মূর্তির আবরণ উন্মোচন

নিজস্ব সংবাদদাতা, ২৪ জানুয়ারী—গতকাল নেতাজীর একাশিতম জন্মজয়ন্তী উপলক্ষে অরঙ্গাবাদ শহরের কলেজ মোড়ে নেতাজীর একটি পূর্ণাবয়ব মূর্তি (উচ্চতা ৯ ফুট, নির্মাতা যামিনী পাল) স্থাপন করা হয়। নেতাজীর জন্মলগ্ন ১২-১৫ মিঃ এ আনুষ্ঠানিকভাবে মূর্তির আবরণ উন্মোচন করেন সাংবাদিক-সাহিত্যিক দক্ষিণারঞ্জন বসু। এই উপলক্ষে বিকেল

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## সাধারণতন্ত্র দিবস

নিজস্ব সংবাদদাতা, ২৬ জানুয়ারী—সমগ্র ভারতবর্ষের সঙ্গে সঙ্গতি রেখে আজ জঙ্গিপুর মহকুমাতেও ২৮তম সাধারণতন্ত্র দিবসটি যথাযোগ্য মর্যাদায় বিবিধ অনুষ্ঠানের মাধ্যমে উদ্‌যাপিত হয়। এই উপলক্ষে আজ সকাল ৯টায় এস ডি ও কোরট ময়দানে পতাকা উত্তোলন ও সমবেত কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন জঙ্গিপুর মহকুমা শাসক মীরা সেনগুপ্ত। পুলিশ, হোমগারড বাহিনী ও জঙ্গিপুর টাউন ক্লাব ব্যাণ্ডসহ প্যারেডে অংশ গ্রহণ করেন। রঘুনাথগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রীরা জাতীয় সঙ্গীত পরিবেশন ও ড্রিল প্রদর্শন করেন। হাসপাতালে ১৬০ জন রোগীর

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)



জীবাণু সার
এ্যাজোটোব্যাকটর
ধান চাষের
খরচ কমায় ও ফলন বাড়ায়
প্রস্তুতকারক: মাইক্রোবস ইণ্ডিয়া · ৮৭, লেনিন সরণী, কলি-১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১২ই মাঘ বুধবার, সন ১৩৮৩ সাল।

## প্রজাতন্ত্র দিবস

আজ ২৬শে জানুয়ারী। ভারতের অষ্টবিংশতিতম প্রজাতন্ত্র দিবস। প্রাক্-স্বাধীনতার কালে এই দিনটি স্বাধীনতা দিবস হিসাবে পালিত হইত। স্বাধীনতা-উত্তরকালে ১৫ই আগষ্ট স্বাধীনতা দিবস হওয়ায় জাতীয় সরকার এই দিনটিকে অন্যভাবে এবং খুব সঙ্গতভাবে স্মরণীয় রাখার ব্যবস্থা করিয়াছেন। ১৯৫০ সালের ২৬শে জানুয়ারী ভারতকে প্রজাতান্ত্রিক রাষ্ট্র বলিয়া ঘোষণা করা হয়। ভারতীয় সংবিধানে জনগণের ব্যক্তি স্বাধীনতা ও নাগরিক কর্ত্তব্যের স্বীকৃতি দেওয়া হইল। শাসনকার্যে জনগণের প্রত্যক্ষ অংশগ্রহণ মানিয়া লওয়া হইল। এই দিনটিতে আসমুদ্রহিমাচল ভারতবাসী বুঝিল, জনগণের জন্য জনগণের দ্বারা গঠিত জনগণের সরকার। একদিকে তাহাদের দেওয়া হইল জনগণের জন্য জনকল্যাণমূলক সরকার গঠনের অধিকার অন্যদিকে তেমনি আসিয়া পড়িল তাহাদের উপর দেশ তথা জাতি গঠনের এক গুরুদায়িত্ব। 'গণ'-দেবতার এই যে পূজা, এই যে স্বীকৃতি, বোধ করি, সারা পৃথিবীতে অনন্য হইয়া আছে। এই মহতী প্রেরণা শুধু রাষ্ট্রীয় শাসন ব্যবস্থায় প্রত্যক্ষ অংশগ্রহণে পর্যবসিত নয়, পরন্তু ইহা দেশবাসীকে ভারতাত্ম হইবার এক উদাত্ত আহ্বান। ইহা হইতে না পারিলে শাসন ব্যবস্থায় অংশগ্রহণ শুষ্ক ও নিরর্থক। জাতীয় মেরুদণ্ড দৃঢ় করিয়া জাতীয় চরিত্র গঠনে ভারতাত্ম হওয়া অবশ্যই প্রয়োজন।

এবারের প্রজাতন্ত্র দিবস আরও একটি ভূমিকা লইয়া আসিয়াছে। আগামী মার্চ্চ মাসে ভারতের সংসদীয় নির্বাচন হইবে বলিয়া ঘোষণা করা হইয়াছে। লোকসভা ভাঙ্গিয়া দেওয়া হইয়াছে। দেশে দীর্ঘদিন ধরিয়া যে জরুরী অবস্থা চলিতেছিল, তাহা কিছুটা শিথিল করা হইয়াছে। অবাধ ও সুষ্ঠু নির্বাচনের জন্য নানা অনুকূল পরিবেশ সৃষ্টি করা হইতেছে ও হইবে।

করণীয় সবই করা হইতেছে এবং হইবেও। কিন্তু আমরা মনেপ্রাণে কতটুকু ভারতাত্ম হইতে পারিয়াছি? স্বাধীনতা প্রাপ্তির তিনটি দশক হইতে চলিল, ইহার মধ্যে আমরা সে পথে কতটুকু অগ্রসর হইতে পারিলাম? জাতীয় সরকারের অংশীদার আমরা, অথচ জাতীয়তা বিরোধী কথা জাতীয় সরকারের নীতি বিরোধী কতই না কাজ করিয়া চলিতেছি। কাঞ্চনকৌলীন্যে আপন দাপট সুপ্রতিষ্ঠিত রাখিয়া নানা জঘন্য কাজে প্রবৃত্ত হইতে বিবেকের দংশন অনুভব করি না। খাদ্যে-ঔষধে মানুষকে পঙ্গু করিবার, এমন কি হত্যা করিবারও নানা কৌশল উদ্ভাবন করিতেছি। সরকারের গুরুত্বপূর্ণ বিভাগে থাকিয়া দেশের স্বার্থের পরিপন্থী ও সরকার বিরোধী কাজে পশ্চাৎপদ হই না তৃতীয় রিপুর তাড়নায়। রাজনীতির খাতিরে মানবিক নীতিকে গলা টিপিয়া হত্যা করিতেছি। সরকারের গঠনমূলক কাজের প্রচেষ্টাকে হীন চক্রান্তে বানচাল করিতে সদা চেষ্টিত। এই মনোবৃত্তি এক আত্মদৈন্যের ফল। এই রাহুমুক্তি অবশ্য প্রয়োজন। এই আত্মসমীক্ষার পরিপ্রেক্ষিতে আত্ম-প্রচারণা বাদ দিয়া জাতীয় স্বার্থ সুরক্ষিত করিবার জন্য প্রজাতান্ত্রিক দিবসে নূতন সংকল্প গ্রহণ করিতে হইবে। একদিকে থাকিবে কল্যাণের স্বপ্ন দেখা, অন্যদিকে রহিবে সে স্বপ্ন স্বার্থক করিবার কর্মোদ্যোগ।

## যাত্রা প্রতিযোগিতা

সাগরদীঘি, ২১ জানুয়ারী—সাগরদীঘি ব্লকের সহযোগিতায় বহরমপুর যাত্রা সংস্থার উদ্যোগে তিনদিনব্যাপী পরীক্ষামূলক যাত্রা প্রতিযোগিতা হয়ে গেল সাগরদীঘি বালিকা বিদ্যালয়ে। প্রতিযোগিতা শুরু হয় গত মঙ্গলবার ১৮ জানুয়ারী, শেষ হয় গতকাল ২০ জানুয়ারী। প্রথম দিন মঞ্চস্থ হয় বহরমপুর তরুণ অপেরার 'কে ঠাকুর ডাকাত', দ্বিতীয় দিন বহরমপুর কল্যাণ নাট্য সংস্থার 'শেষ নামাজ' এবং শেষ দিন মঞ্চস্থ হয় বহরমপুর দ্বান্দ্বিক গোষ্ঠীর উৎপল দত্ত রচিত পালা 'নীল রক্ত'। প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করে দ্বান্দ্বিক গোষ্ঠী কর্তৃক অভিনীত 'নীল রক্ত' এবং ২য় স্থান অধিকার করে তরুণ অপেরা কর্তৃক অভিনীত 'কে ঠাকুর ডাকাত' পালা। শ্রেষ্ঠ পুরস্কার লাভ করেন দু'জন পুরুষ এবং দু'জন মহিলা অভিনেত্রী। এ ছাড়াও প্রত্যেককে 'সার্টিফিকেট অব মেরিট' দেওয়া হবে বলে জানানো হয়। বিডিও ভুজঙ্গভূষণ সাহা জানান, গ্রামমুখী পরীক্ষামূলক যাত্রা প্রতিযোগিতা এই প্রথম এখানে অনুষ্ঠিত হল। জনসাধারণের অভূতপূর্ব সাড়া পাওয়া গিয়েছে এই প্রতিযোগিতায়। প্রায় ৯ হাজার দর্শক প্রতিযোগিতামূলক যাত্রাগুলি উপভোগ করেছেন। তিনি আরো জানান, আগামী বছর সাগরদীঘিতে জেলাব্যাপী যাত্রা প্রতিযোগিতার আয়োজন করা হবে আমাদের জেলার যাত্রা সংস্থাগুলিকে নিয়ে। সেই প্রতিযোগিতা পনের দিন ধরে চলবে ব্লক সংলগ্ন মাঠে।

## হত্যা না আত্মহত্যা?

নিজস্ব প্রতিনিধি: গত ১০ জানুয়ারীর সকালে ফরাক্কা থানার পুলিশ ভবানীপুর গ্রামের এক বাড়ী থেকে ১০।১১ বছরের একটি কিশোরের নকল ফাঁসিতে লটকানো মৃতদেহ উদ্ধার করে পরীক্ষার জন্য জঙ্গিপুর পাঠায়। কিশোরটি অর্জুনপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর ছাত্র। নাম অমর আচার্য। পিতা ভূপেশ আচার্য্য। স্বাস্থ্য বিভাগের কর্মী। ভূপেশবাবুর এই একটি মাত্র পুত্র সন্তান। দুই বিবাহিতা কন্যা। কিশোরটি মাতৃহীন। ঘটনা স্থলে যা দেখা যায়, একটি পাটের লম্বা রশি এক প্রান্ত বিচ্ছিন্ন চ্যানেল দিয়ে ঘুরে ছেলেটির গলায় পরান আছে। ফাঁসের গিঁট উপরে না থেকে নীচে কণ্ঠার কাছে আলগোভাবে ছুঁয়ে আছে। হাঁটু সিঁড়িতে ঠেকে। গলায় একটি ছেঁড়া জামা জড়ান তার উপর দড়ির ফাঁস। মুখের কোন বিকৃতি নেই। চোখ স্বাভাবিক। গায়ে জামা এবং চাদর জড়ান। স্বভাবতঃ যারা দেখেছেন, তাঁরাই সন্দেহ করছেন ছেলেটিকে হত্যা করে ওইভাবে ফাঁস-অভিনয় পর্বটি সারা হয়েছে। পিতা নীরব। তবে শোনা যায় ছেলেটিকে কারা যেন সিনেমা দেখতে নিয়ে গিয়েছিল। আরো জানা যায় ছেলেটির নামে বারো বিঘে জমি আছে। আর আছে ব্যাঙ্কে সাড়ে চৌদ্দ হাজার টাকা। ঘটনাটি বড়ই রহস্যপূর্ণ। অদ্যাবধি ফরাক্কা থানার পুলিশ মৃত্যু রহস্যের কিনারা করতে সক্ষম হয়নি বলে প্রকাশ।

## খেলার খবর

### মাদ্রাজে শ্যামাদাসীর সাফল্য

গত বুধবার ১৯ জানুয়ারী—মাদ্রাজে অনুষ্ঠিত পঞ্চদশ নিখিল ভারত আন্তঃ-রাজ্য ক্রীড়া প্রতিযোগিতায় চারটি নতুন রেকরড স্থাপিত হয়েছে। তার মধ্যে ১৬ বছর বয়সের প্রতিযোগিতায় পশ্চিমবঙ্গের হয়ে শ্যামাদাসী ঘোষের একটি। শ্যামাদাসী এই প্রতিযোগিতায় ৮ বছরের রেকর্ড ভেঙে শটপাট ছোঁড়ায় নতুন রেকরড স্থাপন করেছে। আকাশবাণীর দিল্লী ও কলকাতা কেন্দ্র থেকে প্রচারিত খবর হতে এ কথা জানা গেছে।

মিরজাপুর থেকে জঙ্গিপুর সংবাদ প্রতিনিধি জানাচ্ছেন, রাজ্য এ্যাথলেটস্ মিট-এর সাব-জুনিয়র বিভাগে শ্যামাদাসী ঘোষ আগের জাতীয় রেকরড ভেঙে দিয়ে শটপাট ছোঁড়ায় ভারতবর্ষে প্রথম স্থান এবং বারাণসীতে সর্বভারতীয় স্কুল স্পোর্টসে (মিরজাপুর দ্বিজপদ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রী হিসেবে) প্রথম স্থান অধিকার করেছে। মাদ্রাজ যাত্রার প্রাক্কালে বারাণসীতে অনুষ্ঠিত প্রতিযোগিতায় চিকিৎসকদের নিষেধ সত্ত্বেও শ্যামাদাসী একটি মাত্র শট্ করে এবং তার হাতের কনুই-এর হাড় সরে যায়। কিন্তু সেই এক শটের ফলাফলেই সে বিজয়িনী হয়।

**জিমন্যাষ্টিকে স্বর্ণপদক:** মিরজাপুর থেকে সংবাদদাতা লিখেছেন, পুনার কোলাপুরে অনুষ্ঠিত সপ্তম সর্বভারতীয় গ্রামীণ জিমন্যাষ্টিক প্রতিযোগিতায় নবভারত স্পোরটিং ক্লাবের সদস্যা ও মিরজাপুর দ্বিজপদ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রী দীপালি সাহা পশ্চিমবঙ্গের হয়ে স্বর্ণপদক লাভ করেছে।

### ম্যারাথন দৌড় প্রতিযোগিতা

মুর্শিদাবাদ জেলা রোড রেস এ্যাসোসিয়েসনের উদ্যোগে জঙ্গিপুর হতে জিয়াগঞ্জ পর্যন্ত ৪২.৩৮৫ কিলোমিটার দৌড় প্রতিযোগিতা আগামী ১৩ ফেব্রুয়ারী সকালে অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে। প্রতিযোগিতায় যোগদানেচ্ছু সকলকে রেজিষ্টারড্ ডাক্তারের সারটিফিকেটসহ আগামী ৬ ফেব্রুয়ারীর মধ্যে নির্দিষ্ট ফরমে সাধারণ সম্পাদক, মুর্শিদাবাদ জেলা রোড রেস এ্যাসোসিয়েসন, পোঃ জিয়াগঞ্জ (মুর্শিদাবাদ) ঠিকানায় আবেদন জানাতে হবে। প্রতিযোগী-দের কোন প্রবেশমূল্য লাগবে না।

## টুনি বাল্বের শামিয়ানা বিয়েবাড়ির মেজাজ

বাণী বন্দনায় রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর শহর এবার সেজেছিল নতুন সাজে। টুনি বাল্বে ছেয়ে গিয়েছিল দুই শহরের অগণিত পূজোমণ্ডপ। শীতের শিশির মাখা স্নিগ্ধ বিজলীর আলোয় পুরবাসীরা গা ভাসিয়ে ঘুরে ঘুরে দেখছিলেন—ভিড় উপচে পড়ছিল মণ্ডপে মণ্ডপে। লোড শেডিং হয়েছিল বেশ কয়েকবার, তবু কেউ তোয়াক্কা করেননি। আধখানা চাঁদ সাহায্য করেছিল পথচারীদের। নামের সার্থকতা প্রতিপন্ন করে জঙ্গিপুর বাবুবাজারের আলোকজননী মণ্ডপটি সাজানো হয়েছিল টুনির ঝালর দিয়ে। দেবী সরস্বতী একটি রথে উপবিষ্টা, তিনটি শ্বেত হংস উড়ে চলেছে শূন্য আকাশে, পেছনে চিত্রপটে টুংার আঁকা অপূর্ব্ব প্রাকৃতিক দৃশ্যপট; দেবীর রথের বৈদ্যুতিক চাকা বিদ্যুতের পরশে সর্ব্বদা ঘূর্ণিয়মান। টুনির ঝালরে সেজে রূপসী বাসন্তীতলা মণ্ডপ। সরস্বতীর পেছনে শিল্পীর নিখুঁত তুলিতে আঁকা পাহাড় ও নদীর দৃশ্য অপরূপ সৌন্দর্যের সহায়ক। মহাবীরতলা পূজো সমিতি মণ্ডপের সামনে মেঝেতে বালির ওপর হনুমানের ছবি এঁকে ইংরেজীতে 'মহাবীরতলা ওয়েল কাম' লেখে স্বাগত জানিয়েছেন দর্শনার্থীদের; দেবী একা হেঁটে চলেছেন—মণ্ডপের ভেতরের এই দৃশ্যটিও ভোলার নয়। নতুন আঙ্গিকের প্রতীক জঙ্গিপুর টাউন ক্লাব ন্যাপথলিনের প্রতিমা তৈরী করিয়ে (শিল্পী চন্দ্রকিশোর) দর্শনার্থীদের নতুন ধরনের প্রতিমা দেখার সুযোগ করে দিয়েছিলেন। বাইরে মাইকে সানাই-এর সুর বিয়ের বাসরের মেজাজ এনে দিয়েছিল। বিয়েবাড়ির পরিবেশ সৃষ্টি করেছিল হরিসভা মণ্ডপটিও। শুনলাম, প্রথম দিন আগুন লেগে এই মণ্ডপটি পুড়ে গিয়েছিল। নতুন করে আবার সর্ব্বাঙ্গে টুনি বাল্ব দিয়ে এমনভাবে সাজানো হয়েছিল এবং রেডিওগ্রাম বাজিয়ে এমন সুন্দর পরিবেশ সৃষ্টি করা হয়েছিল যে, হঠাৎ দর্শনে মণ্ডপটি ছবিতে দেখা বিয়েবাড়ি বলে ঠাওর হচ্ছিল। অন্যান্য বছরের মত এবারও পরিচ্ছন্ন রুচিবোধের পরিচয় দিয়েছিলেন রঘুনাথগঞ্জ বিবেকানন্দ ক্লাব। ছোট গল্প প্রতিযোগিতা এবং হাতের কাজের প্রদর্শনী তাঁদের মণ্ডপের সৌন্দর্য বাড়িয়ে দিয়েছিল। টুনির চন্দ্রাতপে সাজানো হয়েছিল যুবক সংঘ মণ্ডপ। বাগানবাড়ি ও গঙ্গা ভাঙন প্রতিরোধ বিভাগের পূজোমণ্ডপ আলোর বন্যায় ভাসিয়ে দিয়েছিল এলাকাগুলিকে। এবার মাইকের আয়োজন এত কম ছিল যে আঙুল গুণে বলা যেতে পারত কটা মাইক বেজেছে মণ্ডপগুলিতে। কোথাও কোথাও রেডিওগ্রাম বাজছিল মাত্র, বেশীর ভাগই সাদামাঠা। টুনি বাল্বের শামিয়ানায় সেজেছিল বন্ধু সমিতি। এত টুনির সমারোহ আর কোন মণ্ডপে দেখা যায়নি। মণ্ডপের সামনে ব্যাণ্ড বাজছিল। টুনি বাল্বের আলোছায়ায় অতিরিক্ত কারুকার্য লাভ করেছিল রঘুনাথগঞ্জ স্কুল। বালিঘাটার একটি মণ্ডপে প্রতিমার পেছন থেকে টুইস্ট নাচ ও শিস্-এর শব্দ শোনা যাচ্ছিল। রেকর্ডের গানের তালে তালে দু'হাতে ধুপচি নিয়ে নাচছিলেন জঙ্গিপুর মহকুমা হাসপাতাল নারসিং হোষ্টেল পূজোমণ্ডপে একজন নারস্। মফঃস্বল শহরের পূজোমণ্ডপে নাচ দেখার জন্য ভিড় উপচে পড়েছিল। মাঝে মাঝে ধুপাচ থেকে গনগনে ছোবড়ার আগুন ছিটকে পড়ছিল তাঁর নরম শরীরে, শাড়ীর ভাঁজে ভাঁজে। সেদিকে কোন ভ্রূক্ষেপ ছিল না তাঁর। তিনি শুধু নাচছিলেন আর নাচছিলেন।

—রাজশ্রী

### ডাকাতের গুলিতে নিহত

(ষষ্ঠ পৃষ্ঠার শেষাংশ)

গ্রাম রাজবংশী থেকে গ্রামবাসীরা আসেন ডাকাত দলকে বাধা দিতে। গ্রামের লোকেরাও চেষ্টা করেন বাধা দেওয়ার। কিন্তু ডাকাত দলের গুলিবর্ষণের ফলে তাঁরা বেশী দূর এগোতে পারেন না। ডাকাতদের নিক্ষিপ্ত ১টি গুলি এসে বিঁধে গ্রামবাসী শ্রীচরণ রাজবংশীর (২৭) বুকে। ঘটনাস্থলেই তাঁর মৃত্যু ঘটে। ডাকাতদের গুলির ছড়রায় জখম হন আরো ২৫ জন গ্রামবাসী। আহতদের মধ্যে ছবি রাজবংশী নামে একজন গ্রামবাসীর আঘাত গুরুতর।

**ডাকাতি সাগরদীঘিতে:** ১৫ জানুঃ রাত্রে সাগরদীঘি থানার সাহাপুর গ্রামে নজুমের মীরের বাড়ীতে একদল ডাকাত হানা দিয়ে প্রায় হাজার টাকা লুঠ করে বলে পুলিশী সূত্রে প্রাপ্ত অপর এক সংবাদে জানা যায়।

## আসন্ন লোকসভার নির্ব্বাচনের জন্য খসড়া ভোট গ্রহণ কেন্দ্রের তালিকা ১৯৭৭ প্রকাশ

জনসাধারণের জ্ঞাতার্থে ৮নং জঙ্গিপুর লোকসভা, ৯নং মুর্শিদাবাদ লোকসভা, ১০নং বহরমপুর লোকসভার খসড়া নির্বাচনী ষ্টেশনের তালিকা ২৭-১-৭৭ তারিখে প্রকাশিত হল। এই তালিকা ২-২-৭৭ তারিখের বিকেল পাঁচটা পর্য্যন্ত দেখতে পাওয়া যাবে।

এই খসড়া তালিকা সম্পর্কে কারো কোন আপত্তি বা বক্তব্য থাকলে তা জেলা নির্বাচনী অফিসার, জেলা শাসক, মুর্শিদাবাদ (নির্বাচনী দপ্তর) বেলা ১০-৩০ মিঃ ৩-২-৭৭ লিখিতভাবে জানাতে পারবেন।

### প্রকাশিত স্থানের নাম

| | | |
|---|---|---|
| ১) | জেলা নির্বাচনী অফিসার—জেলা শাসক, মুর্শিদাবাদ, | পূর্ণ তালিকা |
| ২) | জেলা জজের অফিস, মুর্শিদাবাদ | " |
| ৩) | মুর্শিদাবাদ জেলা পরিষদের অফিস | " |
| ৪) | জেলার বিভিন্ন পৌরসভা ভবনে | আংশিক তালিকা |
| ৫) | মহকুমা ডাকঘর | " |
| ৬) | মহকুমা শাসকের অফিস (ইলেকটোরাল রেজিষ্ট্রেশন অফিসারের অফিস) | " |
| ৭) | জেলার সকল থানাসমূহে | " |
| ৮) | জেলার সকল সাবরেজিষ্ট্রারী অফিসগুলিতে | " |
| ৯) | জেলা অঞ্চল পঞ্চায়েত অফিসসমূহে | " |
| ১০) | ব্লক উন্নয়ন অফিসগুলিতে | " |
| ১১) | নির্বাচনী অফিসারের অফিস | সম্পূর্ণ তালিকা |

(জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর হইতে প্রচারিত)

# বিজ্ঞপ্তি

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

মোঃ নং ২২৬/৭৬ অন্য

বাদী—আবদুল সাত্তার পিতা সামমহম্মদ মণ্ডল, সাং শ্যামপুর থানা সুতী জেলা মুর্শিদাবাদ

বনাম

বিবাদী—১। পশ্চিমবঙ্গ সরকার সমন কালেক্টার অব মুর্শিদাবাদ সাং থানা পোঃ বহরমপুর, জেলা মুর্শিদাবাদ

২। মেদিনীপুর জমিদারী কোম্পানী লিমিটেড সাং ডোমকল কুঠি, পোঃ ও থানা ডোমকল জেলা মুর্শিদাবাদ

৩। হাসেনপুর গ্রামবাসিগণ পক্ষে মাতব্বর মাজেদালী বিশ্বাস পিতা মৃত ইমামুদ্দিন মণ্ডল সাং হাসেনপুর থানা সুতী জেলা মুর্শিদাবাদ

৪। শ্যামপুর গ্রামবাসিগণ পক্ষে মাতব্বর লতিফুর রহমান পিতা মৃত ইয়াসিন মণ্ডল সাং শ্যামপুর থানা সুতী জেলা মুর্শিদাবাদ

এতদ্দ্বারা মুর্শিদাবাদ জেলার সর্ব্বসাধরণকে জ্ঞাত করা যাইতেছে যে থানা সুতীর অধীন পশ্চিমপাকা মৌজার ৩নং খতিয়ানের ১৮০নং দাগের সম্পত্তির R. S পরচার মন্তব্যের কলমে বর্ষাকালে নৌকা চলাচলের জন্য সাধারণের ব্যবহার্য্য উল্লেখে রেকর্ড থাকায় আইনের কূটতর্ক নিবারণ জন্য নালিশী সম্পত্তির নিকটবর্ত্তী হাসেনপুর মৌজার তথা হাসেনপুর গ্রামের গ্রামবাসিগণ পক্ষে মাতব্বর ও শ্যামপুর মৌজার তথা শ্যামপুর গ্রামের গ্রামবাসিগণ পক্ষে মাতব্বর জনসাধারণকে জ্ঞাত করাইয়া দেওয়ানী কার্যবিধি আইনের অর্ডার ১ রুল ৮ মতে নালিশী সম্পত্তিতে স্বত্ব সাব্যস্তে পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে বাদী মোকর্দ্দমা আনয়ন করিয়াছেন অতএব উক্ত মোকর্দ্দমায় কাহারও কোন আপত্তি থাকিলে ধার্যদিন ১৫।২।৭৭ তারিখে আদালতে উপস্থিত হইয়া বা উকিল নিয়োগে উক্ত মোকর্দ্দমায় জবাবদিহি দিবেন। তদন্যথায় আইন মোতাবেক মোকর্দ্দমার বিচার হইবে এ কারণ উক্ত মোকর্দ্দমার বিষয় স্থানীয় সংবাদপত্র জঙ্গিপুর সংবাদে প্রচার করা হইল।

তপশীল চৌহদ্দি

জেলা মুর্শিদাবাদ থানা সুতী মৌজা পশ্চিমপাকা খতিয়ান নং ৩ দাগ নং ১৮০ পরিমাণ ২১ ১৫ শতক মধ্যে সর্ব্ব উত্তরে ১২।২॥৵০ যাহার বাংলা চৌহদ্দি

নমীতুল্লা মণ্ডলের ও জমা জমির দক্ষিণ খাস খ'ম'র জমির উত্তর পূর্ব্ব ও পশ্চিম এই চৌহদ্দি মধ্যে ১২।২॥৵০ বিঘা দৈর্ঘ্য গড়ান ১৩০১ লিঙ্ক × প্রস্থ গড়ান ৩১৬ লিঙ্ক।

By Order of the Court,
Sd/- B Lala, Sheristadar,
1st. Munsif's Court, Jangipur.

## বন্দুক কী নঙ্গে কহানী

( ১ম পৃষ্ঠার পর )

দুটি মাষ্টার রোল মজুরের মধ্যে প্রথমে বচসা পরে হাতাহাতি হয়। এই সম্পর্কহীন ঘটনায় ফার্মের কারও ইন্ধন পেয়ে নিজেদের জড়িয়ে ফেললেন ইমামনগর গ্রামের পাঁচকড়ি সরকার আর তাঁর পুত্র সুবল ও প্রভাত সরকার। ঘটনা ঘটল ফার্মে সকালে আর প্রতিশোধমূলক চক্রান্তের জাল বোনা হল অপরাহ্নে, গ্রামে। সুবলের হাতে বন্দুক; পিতা পাঁচকড়ি এবং ভাই প্রভাতের হাতে লাঠি; সঙ্গে কয়েকজন অনুগামী। 'কোথায় সীতেশ-রবি, খতম করো খতম করো' ধ্বনি। শিকারের খোঁজে ইমামনগর মাধ্যমিক বিদ্যালয়ে হানা। সেদিনই থানায় অভিযোগ লিপিবদ্ধ হয়।

ফরাক্কা থানার কেন্দুয়া গ্রামে দলাদলিতে পাহারাদার হত্যার ব্যাপারে তড়িঘড়ি বসন্ত ঘোষের বন্দুক বাজেয়াপ্ত হয়। বসন্ত ঘোষ নাকি এ ব্যাপারে নির্দোষ বলে অনেকের ধারণা।

উক্ত থানার পূর্বতন খেজুরিয়া হাল সাকিন পলাশী গ্রামের পঞ্চানন মিশ্র ওরফে পাঁচু মিশ্র গত ১৯৭৫ সালের দুর্গাপূজার মহাসপ্তমীর দিন থেকে আজো নিরুদ্দেশ। সম্ভবতঃ থানায় ডাইরী লিপিবদ্ধ। সন্দেহ, তাঁকে কে বা কারা হত্যা করেছে। কেন না, প্রকাশ, নিরুদ্দেশের দিন পোষ্টাল ব্যাংক থেকে তিনি মোটা টাকা তোলেন। তিনি আর ফিরলেন না। অথচ তাঁর নামীয় বন্দুকের লাইসেন্স ১৯৭৫ এবং ১৯৭৬ এর ডিসেম্বরে রিনিউ করা হয়েছে বলে জানা গেল। যতদূর জানা গিয়েছে, এর দ্বিতীয় ( সেকেণ্ড ) লাইসেন্স নেই।


## স্থান পরিবর্ত্তন

### মণীন্দ্র সাইকেল ষ্টোর

রঘুনাথগঞ্জ ফুলতলা


Office of the District Magistrate & ex-officio Chairman, Legal Aid Committee, Murshidabad.

Application are invited for a post of a wholetime Member Secretary of the legal Aid Committee of Murshidabad District.

Qualifications : a) Every candidate must be a citizen of India.

b) Every candidate must be of good health and character and must be in all respects suitable for appointment to Government service.

c) Every candidate must be practising lawer having to his credit at least three years continuous practice on the date of application and must be either an Advocate or Barrister at Law.

d) The age of a candidate shall not be less than 25 years or more than 40 years on 1st February, 1977. Provided that the age limits may be relaxed in the case of a really suitable candidate.

Conditions of Service a) The Member Secretary shall be a whole time Gazetted officer under the immediate control of the District Magistrate subject to the General control of the State Govt.

b) The Member Secretary shall draw pay in the scale of Rs. 475-30-685-35-1000-50-1150/-plus a special pay of Rs. 100/-per month.

c) The person appointed substantially to the permanent post of Member Secretary shall undergo a period of probation for two years, his confirmation depending on the satisfactory completion of the period of probation. Provided that the period of probation may be extended at the discertion of the Sate Government.

Applications on plain paper giving full details of (1) Name, (2) Father's name, (3) Address (4) Qualifications, 5) Age as on 1st February, 1977 (6) Length of practice of the applicant on the date of application should reach the District Magistrate & Ex-officio Chairman, Legal Aid Committee Murshidabad P. O. Berhampore District Murshidabad, West Bengal on or before 28th February, 1977.

(Issued by the District Information and Public Relations officer, Murshidabad.)

# সীমান্ত রক্ষী বাহিনীতে নিয়োগ সম্পর্কে বিজ্ঞপ্তি

আগামী ৪ঠা ফেব্রুয়ারী ১৯৭৭ ( শুক্রবার ) বহরমপুর রোশনবাগস্থিত ৭৬ সীমান্ত রক্ষী বাহিনী কার্য্যালয়ে সীমান্ত রক্ষী বাহিনীতে নিয়োগের জন্য প্রার্থী নির্ব্বাচন ও নিয়োগ করা হবে।

## যোগ্যতা ঃ—

| শিক্ষাগত | বয়স | উচ্চতা | বুকের ছাতি |
|---|---|---|---|
| সাধারণ ম্যাট্রিক | ১৬½—২১ বছরের মধ্যে | ১৭০ সেমিঃ | ৮০/৮৫ সেমিঃ |
| তপঃ জাতি ৮ম মান | ১৬½—২৬ বছরের মধ্যে | ১৭০ সেমিঃ | ৮০/৮৫ সেমিঃ |
| তপঃ উপজাতি ৮ম মান | ১৬½—২৬ বছরের মধ্যে | ১৬২.৫ সেমিঃ | ৭৬.২৫/৮১.২৫ সেমিঃ |
| পার্বত্য উপজাতি ম্যাট্রিক | ১৬½—২১ বছরের মধ্যে | ১৬৫ সেমিঃ | ৮০/৮৫ সেমিঃ |

মাসিক বেতন ভাতা ইত্যাদি নিয়োগকালে সর্ব্বমোট ৩৩০.৫০ টাকা। ৬ মাস শিক্ষণান্তে সর্ব্বমোট—৩৫৮.০০ টাকা।

উচ্চ শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন এবং খেলাধূলায় অভিজ্ঞ প্রার্থীদিগকে অগ্রাধিকার দেওয়া হবে।

( জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর থেকে প্রচারিত )

### পদবী পরিবর্ত্তন

আমি পশুপতি রজক পিতা শ্রীউপেন্দ্রনাথ রজক, গ্রাম লালপুর, পোঃ ধুলিয়ান, জেলা মুর্শিদাবাদ। আমি অদ্য ২১-১-৭৭ তারিখ শুক্রবার হইতে জঙ্গিপুর ফৌজদারী কোর্টে অ্যাফিডেফিট করিয়া বর্তমানে পশুপতি সরকার নামে পরিচিত হইলাম।

### দোকান বিক্রয়

রঘুনাথগঞ্জের বাজারপাড়ায় কাটা পোষাকের দোকানের যাবতীয় পোষাক ও মালপত্তর বিক্রয় হইবে। নিম্ন ঠিকানায় যোগাযোগ করুন।

শ্রীবিজয়গোপাল চ্যাটার্জী
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ
( ফুলুর দোকানের পাশে )

### শিক্ষক চাই

একজন বি-এ Leave vacancy তে ও একজন F. M. Permanent vacancy তে শিক্ষক প্রয়োজন। প্রমাণপত্রসহ সাতদিনের মধ্যে যোগাযোগ করুন।

সম্পাদক, মাদ্রাসা হুসেনিয়া, জুনিয়ার হাই, সাং নাচনা, ( পোঃ রমনা সেখদীঘি, মুর্শিদাবাদ )

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি
**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**
পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )
সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর
ফোন : ধুলিয়ান—২১

এখন দুর্গাপুর সিমেন্ট
২১.৫০ পঃ মুল্যে
পাওয়া যাচ্ছে
**মাঙ্গীলাল মুন্দ্রা** (ষ্টকিষ্ট)
জঙ্গিপুর ফোন- ২১
সৌজন্যে : মুন্দ্রা বস্ত্রালয়
জঙ্গিপুর ফোন—৩৯

### ভাই-এর হাতে ভাই খুন

ফরাক্কা, ২৫ জানুয়ারী—বিহারের সাঁওতাল পরগণা জেলার বারহারোয়া থানার রূপসপুর গ্রামের ধীরেন রবিদাস সহোদর দেবেন রবিদাস, স্ত্রী কুমারী দাসী এবং অন্যান্যদের নিয়ে গত মঙ্গলবার শিকারপুর, নিমশহরী প্রভৃতি জায়গায় মেলা দেখতে এসেছিল। সারাদিন আমোদ-প্রমোদের পর সবাইকে পাঠিয়ে দিয়ে ধীরেন ও দেবেন রাত্রে থেকে গিয়েছিল মেলায়। অনেক রাত্রে দেবেনকে একা বাড়ী ফিরতে দেখে বৌদি কুমারী দাসী স্বামীর কথা জিজ্ঞেস করে পরিষ্কার উত্তর পেল না দেওয়রের কাছ থেকে। পরদিন সকালে ধীরেনের মৃতদেহ পড়ে থাকতে দেখা গেল ফরাক্কা থানার এ্যাফলাকস্ বাঁধের নীচে বেওয়ার কাছে সোনার মাঠে। কুমারী দাসীর অভিযোগক্রমে পুলিশ ভ্রাতৃহত্যার দায়ে গ্রেপ্তার করল দেবেনকে এবং আরো দু'জনকে। কুমারীর সঙ্গে ধীরেনের বিয়ে হয়েছিল মাত্র এক বছর আগে। খবরটি পুলিশী সূত্রের।

**EOMITE**
**PAINTS**
A Colourful Blend Of Quality
&
Service
PAMMEL, KINGLAC, KING Q. D.
for Painting Doors & Windows.
BLUNCEM, PLASTIC PAINT & DISTEMPER
for Walls Exterior & Interior.
They reflect your good living style.
**BLUNDELL EOMITE PAINTS LTD.**
—: Special Stockist :—
**S. K. Roy Hard Ware Stores.**
Raghunathganj : Murshidabad.
Phone No. 4

## নেতাজীর মর্মর মূর্তি

( ১ম পৃষ্ঠার পর )

ডুটোয় অরঙ্গাবাদ ডি এন কলেজ মাঠে অনুষ্ঠিত এক জনসভায় নেতাজীর সংগ্রামী জীবন নিয়ে আলোচনা করেন বর্দ্ধমান বিশ্ব-বিদ্যালয়ের প্রাক্তন প্রধান অধ্যাপক ও বিপ্লবী অমূল্যভূষণ সেন, পাকিস্তান গণপরিষদের প্রাক্তন সদস্য এবং বিপ্লবী ভবেশচন্দ্র নন্দী, সাংবাদিক-সাহিত্যিক দক্ষিণারঞ্জন বসু, দুর্গাপদ সিংহ, অধ্যক্ষ শ্রীকুমার আচার্য প্রমুখ।

জঙ্গিপুর মহকুমা তথ্য ও জনসংযোগ দপ্তরের আর্থিক সহায়তায় গতকাল রঘুনাথগঞ্জ তরুণ সংঘে এবং জঙ্গিপুর টাউন ক্লাবে প্রভাতফেরী, জন্মলগ্ন ঘোষণা, আলোচনাচক্র প্রভৃতির মাধ্যমে নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্ম-জয়ন্তী পালিত হয়। এ ছাড়াও জঙ্গিপুর মহকুমার সর্ব্বত্র নেতাজী-জয়ন্তী উদ্‌যাপিত হয়েছে বলে খবর পাওয়া গিয়েছে।

## প্রার্থী মনোনয়ন নিয়ে

( ১ম পৃষ্ঠার পর )

প্রার্থীরূপে মহঃ সোহরাবকে দাঁড় করাতে। তাই সই সংগ্রহের কাজ অত্যন্ত ক্ষিপ্রতার সঙ্গে তাঁরা সেরে ফেলেছেন। কেবলমাত্র সামসেরগঞ্জ ব্লক কংগ্রেস সভাপতি ডাঃ কালীকুমার গুপ্ত বাদে জঙ্গিপুর মহকুমার সাতটি ব্লকের কংগ্রেস সভাপতি এবং সাধারণ সম্পাদকরা সমর্থন জানিয়েছেন মহঃ সোহরাবকে। সমর্থন জানিয়েছেন নবগ্রাম ও খড়গ্রাম ব্লকের কংগ্রেস সভাপতি ও সাধারণ সম্পাদকরা। আর সমর্থন জানিয়েছেন নবগ্রাম, খড়গ্রাম ( তপঃ ), সাগরদীঘি ( তপঃ ) ও জঙ্গিপুর বিধানসভার কংগ্রেসী সদস্যগণ যথাক্রমে আশুচরণ দত্ত, হরেন হালদার, নৃসিংহকুমার মণ্ডল ও হাবিবুর রহমান। এঁরা সকলেই মহঃ সোহরাবের সমর্থনে সই করেছেন। মুর্শিদাবাদ জেলা কংগ্রেস সভাপতি ও সম্পাদকও মহঃ সোহরাবকে সমর্থন করেছেন। রঘুনাথগঞ্জ ১নং ব্লক কংগ্রেসের সাধারণ সম্পাদক রবীন্দ্র পণ্ডিত জানান, আগামী ২৮ জানুয়ারী সমর্থন ও সই করা কাগজপত্র মনোনয়নের জন্য পেশ করা হবে প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী ও কংগ্রেস সভাপতি দেবকান্ত বরুয়া এবং মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ-শঙ্কর রায় ও প্রদেশ কংগ্রেস সভাপতি অরুণ মৈত্র সমীপে।

## সাধারণতন্ত্র দিবস

( ১ম পৃষ্ঠার পর )

মধ্যে রেডক্রশের তরফ থেকে ফল ও মিষ্টি বিতরণ করা হয়। সকালে মহকুমা তথ্য ও জনসংযোগ দপ্তরের তত্ত্বাবধানে জঙ্গিপুর গণেশ টকীজ ও রঘুনাথগঞ্জ ছায়াবাণী সিনেমায় প্রায় ১২০০ স্কুলের ছাত্রছাত্রীকে চলচ্চিত্র দেখানো হয়; সন্ধ্যায় বাড়ালা রামদাস সেন উচ্চ বিদ্যালয়েও চলচ্চিত্র প্রদর্শিত হয়।

আজ সাধারণতন্ত্র দিবস উপলক্ষে রঘুনাথগঞ্জ জাগৃতি সংঘ সকালে প্রভাতফেরী এবং বিকেলে ত্রিপুরেশ্বর দত্ত স্মৃতি শীল্ড ও তারাপ্রসন্ন চ্যাটারজি স্মৃতি কাপ-এর ফাইনাল ভলিবল প্রতিযোগিতার আয়োজন করেন। এই প্রতিযোগিতায় ছোটকালিয়া ভলি টিম জোতকমল ভলি টিমকে ৩—০ গেমে পরাজিত করে শীল্ড লাভ করে। খেলা শেষে জঙ্গিপুর বিধানসভা সদস্য হাবিবুর রহমানের সভাপতিত্বে ও সাগরদীঘি বিধানসভা সদস্য নৃসিংহ মণ্ডলের প্রধান আতিথ্যে একটি সভা অনুষ্ঠিত হয়।

## ডাকাতের গুলিতে নিহত

( ১ম পৃষ্ঠার পর )

তারা বাড়ীর সমস্ত ঘরে লুঠতরাজ চালায় এবং বেপরোয়া গুলি বর্ষণ করে। নগদ টাকা, সোনাদানা এবং কাপড়চোপড়ে (বাসনপত্রে হাত দেয়নি) লুণ্ঠিত হয় প্রায় ২০ হাজার টাকা। একজন গ্রামবাসী তাঁর বন্দুক থেকে গুলি চালান কিন্তু ডাকাত দলকে শায়েস্তা করতে ব্যর্থ হন। পাশের

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

---

এই নির্ব্বাচনে এস ইউ সি জঙ্গিপুর এবং মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রে প্রার্থী দিতে পারেন। এস ইউ সি পারটির জেলা নেতৃত্ব এই সিদ্ধান্ত নিয়েছেন বলে অচিন্ত্য সিংহ জানান। কলকাতায় রাজ্য কমিটির বৈঠকে এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলেও তিনি জানান। ১৯৭১ সালে লোকসভার নির্ব্বাচনে এস ইউ সির হয়ে অধ্যাপক সুকোমল দাশগুপ্ত জঙ্গিপুর লোকসভা কেন্দ্রে প্রতিদ্বন্দ্বিতা করেন; তিনি পান মাত্র ২৮ হাজার ভোট।


আর এস পি এবারে জঙ্গিপুর লোকসভা কেন্দ্রে প্রার্থী দিবেন কি না, দিলে কাকে দিবেন তা এখন পর্যন্ত জানা যায়নি।


আর কয়লা ব্যবহারের প্রয়োজন নেই

**ধোঁয়াহীন জ্বালানী আজই ব্যবহার করুন**

- এতে ধোঁয়া একেবারেই হয় না।
- আঁচও বেশ জোরালো এবং বহুক্ষণ স্থায়ী হয়।
- কয়লা ভাঙ্গার কোন ঝামেলাই থাকে না।
- ★ রান্নার সরঞ্জামে কালো দাগ লাগার কোন প্রশ্নই উঠে না।
- হ্যাঁ, ঘরও বেশ পরিচ্ছন্ন থাকে।
- এর ব্যবহার ঠিক কয়লার মতই সহজ।
- ★ রান্নার পর জ্বলন্ত অবস্থায় এগুলোকে চিমটে দিয়ে তুলে ঠাণ্ডা করে রাখলে পরদিন আবার ব্যবহার করতে পারা যায়

প্রস্তুতকারক—মডার্ণ ব্রিকেট্ ইনডাস্ট্রিজ
মিঞাপুর
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )





রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।